# সফটওয়্যারের কারুকাজ

## পুরনো সিডি/ডিভিডি কপি করা

অনেক সময় সিডি/ডিভিডি পুরনো হয়ে গেলে বা বেশি চালালে ফাইলগুলো নষ্ট হয়ে যায়। তখন সেগুলো আর কপি হয় না।

এমন অবস্থায় একটি সফটওয়্যারের সাহায্যে সেই নষ্ট সিডি/ডিভিডির ফাইলগুলো কপি করতে পারেন। এর জন্য প্রথমে www.recoverytoolbox.com/cd.html ঠিকানা থেকে মাত্র ৬৫৫ কিলোবাইটের রিকভারি টুলবক্স সফটওয়্যারটি বিনামূল্যে নামিয়ে ইনস্টল করে ওপেন করলে আপনার সিডি/ডিভিডি ড্রাইভটি দেখা যাবে। এখন পরপর দু'বার Next-এ ক্লিক করলে সিডি/ডিভিডির ফাইলগুলো দেখা যাবে। এখন ফাইলগুলো কপি করতে চাইলে বা পাশ থেকে সব বক্সে টিক চিহ্ন দিয়ে Save-এ ক্লিক করুন।

অথবা নির্দিষ্ট কিছু ফাইল কপি করতে চাইলে বা পাশ থেকে নির্দিষ্ট বক্সগুলোতে টিক চিহ্ন দিয়ে Save-এ ক্লিক করলে। ফাইলগুলো কপি হওয়ার পর সি ড্রাইভে CD Restored ফোল্ডারে সেভ হয়েছে এবং সেগুলো ভালো আছে।

### *অপারেটিং সিস্টেম ঠিকভাবে কাজ করছে না?*

কন্ট্রোল প্যানেলের Add or Remove Programs থেকে কোনো সফটওয়্যার Uninstall করার সময় বা ভুলবশত সি ড্রাইভ থেকে যদি অপারেটিং সিস্টেমের দরকারি কোনো ফাইল ডিলিট হয়ে যায়, কমপিউটার ঠিকভাবে কাজ করে না বা অপারেটিং সিস্টেমের ফাইল মিসিং দেখায় এবং সমস্যার সৃষ্টি– এ ধরনের সমস্যা থেকে মুক্তি পাওয়ার জন্য কমপিউটারকে আগের ভালো অবস্থায় নিয়ে যান। আনুমানিক যে তারিখে কমপিউটার ভালো ছিল, সেই তারিখে নিয়ে যায়।

আর এটি করতে হলে প্রথমে C:/Windows/System32/Restore-এ গিয়ে restnui.exe-তে ডাবল ক্লিক করে নতুন উইন্ডো এলে সেটাতে Restore my computer to an earlier time নির্বাচন করে Next-এ ক্লিক করুন। ফলে একটি ক্যালেন্ডার আসবে। এখন যে তারিখে আপনার কমপিউটার ভালো ছিল সেই তারিখ নির্বাচন করে (শুধু বোল্ড তারিখগুলো নির্বাচন করতে পারবেন) Next-এ ক্লিক করুন। নতুন উইন্ডোতে আবার Next-এ ক্লিক করুন। ফলে কমপিউটার অটো রিস্টার্ট নিয়ে কাজ শেষ করার পর সফলতার বার্তা এসেছে। আর ঠিক না হলে আবার অন্য কোনো তারিখ নির্বাচন করেও Restore করতে পারেন। এখন করা Restoreটি আবার আপনি Undo ও করতে পারবেন।

মো: শফিকুজ্জামান
*ঝিলক্ষেত, ঢাকা*

## রিসাইকেল বিন কাস্টোমাইজ করা

রিসাইকেল বিন আইকনে ডান ক্লিক করে Properties সিলেক্ট করুন রিসাইকেল বিন ফিচার কাস্টোমাইজ করার জন্য। পিসি ব্যবহারকারীরা ভুল করতে পারে এবং তারা তাদের মতও বদলাতে পারে। ডিলিট করা ফাইল ও ফোল্ডারের জন্য উইন্ডোজে সমন্বিত রয়েছে এক নিরাপদ ব্যবস্থা। তাই Computer বা My Computer বা উইন্ডোজ কমপ্লায়েন্ট অ্যাপ্লিকেশন ফাইল বা ফোল্ডার ডিলিট করলে চলে যায় রিসাইকেল বিন ফর্মে। এখান থেকে কোনো আইটেম রিস্টোর বা স্থায়ীভাবে ডিলিট করতে পারবেন।

উইন্ডোজ ভিস্তায় রিসাইকেল বিনের জন্য কনটেক্সট মেনুতে একটি ফাঁদ পাতা আছে। এতে Delete অপশন রয়েছে যা মূলত ডেস্কটপ থেকে রিসাইকেল বিন আইকন অপসারণ করে। ডেস্কটপে রিসাইকেল বিন আইকন রিস্টোর করার জন্য–

* ডেস্কটপে ডান ক্লিক করে Personalize→Change desktop icon সিলেক্ট করুন।

* Recycle Bin-এ টিক দিয়ে Ok করুন।

এ প্রসিডিউরের পরে কখনো কখনো রিসাইকেল বিন আইকন যথাযথভাবে ডিসপ্লে করে না যখন এটি পূর্ণ বা খালি থাকে। এ সমস্যা সমাধান করার জন্য–

* ডেস্কটপে ডান ক্লিক করে Personalize→'Change desktop icons' সিলেক্ট করুন।

* সিলেক্ট করুন 'Recycle Bin (full)' আইকন। এরপর 'Restore Default' বাটনে ক্লিক করুন।

* দুই নম্বর ধাপ আবার করুন রিসাইকেল বিন খালি করার জন্য।

* Ok-তে ক্লিক করুন।

একইভাবে এক্সপিতে পূর্ণ বা খালি আইকন রিস্টোর করতে পারবেন।

* ডেস্কটপে ডান ক্লিক করে Properties সিলেক্ট করুন।

* Desktop ট্যাবে 'Customize Desktop' বাটনে ক্লিক করুন।

* General ট্যাবে Recycle Bin (full) আইকন সিলেক্ট করে 'Restore Default' বাটনে ক্লিক করুন।

* Recycle Bin (empty) আইকনের জন্য তিন নম্বর ধাপ আবার করুন।

* দুবার Ok-তে ক্লিক করুন।

আপনি রিসাইকেল বিনের তিন নম্বর ফিচার কনফিগার করতে পারবেন উইন্ডোজ ৭, ভিস্তা এবং এক্সপিতে ডেস্কটপে ডান ক্লিক করে Properties সিলেক্ট করার মাধ্যমে।

* কোনো ফাইল ডিলিট করলে 'Are you sure' প্রম্পট আবির্ভূত হয়। এই প্রম্পট বাদ দিতে চাইলে 'Display delete confirmation dialog' অপশনে আনটিক করুন।

* ফাইল বা ফোল্ডার ডিলিট করার সময় শিফট কি চেপে ধরে রিসাইকেল বিন এড়িয়ে ফাইল বা ফোল্ডার ডিলিট করতে পারবেন।

পারভেজ
*কালশী, চট্টগ্রাম*

## পাওয়ার ইফেসিয়েন্সি রিপোর্ট পাওয়া

যদি আপনি ল্যাপটপ ব্যবহারকারী হন তাহলে ব্যবহার করতে পারেন ইফেসিয়েন্সি ক্যালকুলেটর যাতে উইন্ডোজ ৭ জেনারেট করে এর পাওয়ার কনজাম্পশন তথ্য। এই ফিচার যথাযথভাবে ব্যবহার করলে ল্যাপটপের ব্যাটারির আয়ু ও পারফরমেন্স যথেষ্ট বাড়বে।

এ জন্য আপনাকে অবশ্যই কমান্ড ওপেন করতে হবে অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে।

* Start Search বক্সে cmd টাইপ করে এন্টার করুন।

* cmd আইকনে ডান ক্লিক করে অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে Run সিলেক্ট করুন।

* কমান্ড লাইনে Powercfg-energy টাইপ করে এন্টার চাপুন।

* উইন্ডোজ ৭ সিস্টেম স্ক্যান করবে পাওয়ার ইফেসিয়েন্সি উন্নত করার উপায় বের করার জন্য।

* এতে এইচটিএমএল ফাইলে এর ফলাফল প্রকাশ করবে। সাধারণত তা প্রকাশিত হয় System32 ফোল্ডারে। এই পাথ অনুসরণ করুন রিপোর্ট খোঁজার জন্য।

### সিস্টেম রিস্টোর করা

উইন্ডোজের আগের ভার্সনে সিস্টেম রিস্টোর ব্যবহার করে কিছু ঝুঁকিপূর্ণ কাজ করা যায়। এখানে জানার কোনো উপায় ছিল না যে কোনো অ্যাপ্লিকেশন বা ড্রাইভারকে প্রভাবিত করতে পারে। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করতে হবে–

* Computer-এ ডান ক্লিক করে Properties→System Protection→System Restore→Next-এ ক্লিক করুন এবং বেছে নিন রিস্টোর পয়েন্ট যা আপনি ব্যবহার করতে চান।

* নতুন 'Scan for affected programs' বাটনে ক্লিক করুন। এর ফলে উইন্ডোজ বলে দেবে কোন কোন প্রোগ্রাম এবং ড্রাইভার ডিলিট হবে বা রিকোভার হবে এই রিস্টোর পয়েন্ট সিলেক্ট করার মাধ্যমে।

তৈয়বুর রহমান
*মিরপুর, ঢাকা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপ্‌স বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপ্‌স-এর লেখককে যথাক্রমে ১,০০০ টাকা, ৮৫০ টাকা ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্‌স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপ্‌স ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপ্‌স-এর লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপ্‌স-এর জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে মো: শফিকুজ্জামান, পারভেজ এবং তৈয়বুর রহমান।*